

B.A. 6th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: সাম্প্রতিক বাংলা সাহিত্য

Course Code: 60112

Course ID: AHBNG-602-C-14

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

- ক) কবি শঙ্খ ঘোষের জন্ম ও মৃত্যু কত খৃস্টাব্দে? তাঁর রচিত দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।
- খ) সাম্প্রতিক কালের দু'জন নারীবাদী কবির নাম লেখো।
- গ) 'সাদা ঘোড়া' গল্পে সাদা ঘোড়াটিকে কী কী নামে অভিহিত করা হয়েছে?
- ঘ) "বুঝি না ঈশ্বর, বুঝি না বেদ।" – বক্তা কে? সে কাকে একথা বলেছে?
- ঙ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটি কোন পটভূমিতে রচিত হয়েছে?
- চ) 'একটি তুলসীগাছের কাহিনী' গল্পটি কত খৃস্টাব্দে লেখা হয়? গল্পটির বিষয়বস্তু কী?
- ছ) নাট্যকার শাঁওলী মিত্রের পিতামাতার নাম কী?

২। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ৫ = ১০

- ক) একুশ শতকের বাংলা কবিতার ভাবরূপ শঙ্খ ঘোষের কবিতায় কীভাবে আত্মপ্রকাশ করেছে বুঝিয়ে লেখো।
- খ) 'আদাব' গল্প অবলম্বনে লেখকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।
- গ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে প্রতিবাদী স্বর হিসাবে কাহ্ন কতখানি সফল চরিত্র বলে তোমার মনে হয়?
- ঘ) 'নাথবতী অনাথবৎ' বলতে নাট্যকার কী বুঝিয়েছেন লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ১০ = ২০

- ক) একুশ শতকের বাংলা কবিতার প্রকৃতি ও প্রকরণ সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।
- খ) সৈয়দ ওয়ালীউল্লাহের 'একটি তুলসীগাছের কাহিনী' সাম্প্রদায়িকতা বিরোধী একটি মানবতাবাদী গল্প। আলোচনা করো।
- গ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে একটি ভূখণ্ড যেন দু'টি পৃথিবী, পাশাপাশি অবস্থান করেছে যেখানে একটি আরেকটির সম্পূর্ণ বিপরীত – উপন্যাসে এই বক্তব্যটি কতটা সার্থকতা লাভ করেছে তা আলোচনা করো।
- ঘ) 'নাথবতী অনাথবৎ' নাটকে মহাভারতের নবায়ন ঘটেছে – ব্যাখ্যা করো।